গ্রামীণ ব্যাংকের কার্যালয়ে পেট্রোল বোমা নিক্ষেপ



ছবি: সংগৃহীত

পাবনার দোগাছী বাজারে গ্রামীণ ব্যাংকের একটি কার্যালয়ে পেট্রোল বোমা হামলার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১০ নভেম্বর) গভীর রাতে দুর্বৃত্তরা হামলা চালিয়ে আগুন ধরিয়ে দেয়। এ সময় 'জয় বাংলা' স্লোগান শোনা গেছে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

ব্যাংকটির পাবনা জোনাল শাখার সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) আসাদুজ্জামান জানান, দোগাছী বাজারে ভাড়া নেওয়া একটি বাসায় শাখাটির কার্যক্রম পরিচালিত হয়। রাত ১২টার পর হামলাকারীরা ভবনটির সামনের দিক ও কক্ষের জানালায় পেট্রোল বোমা ছোড়ে। এতে ভেতরের একটি কক্ষে আগুন ছড়িয়ে পড়ে।

কার্যালয়ের নিরাপত্তাকর্মী আগুনের বিষয়টি বুঝতে পেরে চিৎকার করলে আশপাশের লোকজন এগিয়ে আসেন। পরে তাঁদের প্রচেষ্টায় আগুন নিভে যায়। আসাদুজ্জামান জানান, ঘটনায় ব্যাংকের বড় ধরনের কোনো ক্ষতি হয়নি। এ বিষয়ে লিখিত অভিযোগের ভিত্তিতে মামলা করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

পাবনা সদর থানার ওসি তরিকুল ইসলাম জানান, ঘটনার খবর পাওয়ার পর পুলিশের টহল দল রাতেই সেখানে যায়। বিষয়টি নিয়ে আইনগত ব্যবস্থা নেওয়ার কাজ চলছে।

LENS ASIA